


ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৪৮

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৪

সালেমায় কৃষি বিজ্ঞান কেন্দ্রের মতবিনিময় সভায় রাজ্যপাল
গ্রামীণ এলাকার মানুষের জীবন জীবিকার মানোন্ময়নের
সঙ্গে কৃষি বিজ্ঞান কেন্দ্রের কাজকর্ম ও তপ্তপ্রোত্ত্বাবে জড়িত



গ্রামীণ এলাকার মানুষের জীবন জীবিকার মানোন্ময়নের সঙ্গে কৃষি বিজ্ঞান কেন্দ্রের কাজকর্ম ও তপ্তপ্রোত্ত্বাবে জড়িত। কৃষি বিজ্ঞান কেন্দ্র কৃষি কাজে, উদ্যান চর্চায়, হাঁস, মোরগ, শূকর পালনে প্রশিক্ষণের ব্যবস্থা করে। উন্নতমানের বীজ সরবরাহের মাধ্যমে কৃষির উন্নতি ও অধিক ফলনের জন্য কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীগণ কাজ করছেন। আজ বিকালে ধলাই জেলার সালেমায় কৃষি বিজ্ঞান কেন্দ্রে মতবিনিময় সভার উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু একথা বলেন। মতবিনিময় অনুষ্ঠানে বিধায়ক স্বপ্না দাস পাল, ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, বিধায়ক চিন্তরঞ্জন দেববর্মা, আমবাসা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ভূমিকানন্দ রিয়াৎ, প্রাক্তন বিধায়ক পরিমল দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ধলাই জেলার জেলাশাসক সাজু বাহিদ এ। সালেমা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী ও প্রধান আধিকারিক অভিজিৎ দেবনাথ কৃষি বিজ্ঞান কেন্দ্রের কাজকর্মের বিষয়ে রাজ্যপালকে বিস্তারিতভাবে অবহিত করেন।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেন, ধলাই জেলা অ্যাসপ্রেশনাল জেলা হিসেবে চিহ্নিত হয়েছে। কেন্দ্রের বর্তমান সরকার দেশের অ্যাসপ্রেশনাল জেলাগুলির উন্নয়নে পরিকল্পনা নিয়ে কাজ করছে। এই জেলার কৃষকদের অভিজ্ঞতা সঞ্চয়ের জন্য রাজ্যের অন্যান্য জেলায় বা বর্তীরাজ্যে পাঠানোর জন্য রাজ্যপাল কৃষি বিজ্ঞান কেন্দ্রের আধিকারিকদের পরামর্শ দেন। রাজ্যপাল কৃষি বিজ্ঞান কেন্দ্রে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের স্টল এবং এফপিও স্টল পরিদর্শন করেন। তাছাড়াও রাজ্যপাল কৃষক ও স্বসহায়ক দলের সদস্যদের সাথে মতবিনিময় করেন। রাজ্যপাল কৃষি বিজ্ঞান কেন্দ্র প্রাঙ্গণে বৃক্ষরোপন করেন। রাজ্যপাল কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিভিন্ন ইউনিট এবং ফার্মগুলি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় বিধায়ক স্বপ্না দাস পাল, জেলাশাসক সাজু বাহিদ এ, ধলাই জেলার পুলিশ সুপার অবিনাশ রাই, রাজ্যপালের যুগ্মসচিব রতন ভৌমিক সহ কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানী ও আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু এদিন আমবাসায় এসে পৌছালে ধলাই জেলা পুলিশের পক্ষ থেকে তাঁকে গার্ড অব অনার দেওয়া হয়।
